

তাল—একতাল

প্রেমের এক মানুষ এল দেখসে আয় ।

তার মুখে মৃদু মধুর হাসি, কথায় প্রেম বন্যা বয় ॥

১। মানুষের সঙ্গে বহু ভক্ত রয়, হরি বলে নেচে

বেড়ায়, কেঁদে গায় ।

তারা হরি বলে প্রেমে গলে, ধুলায় গড়াগড়ি

দেয় ॥

২। হরি বলে ওড়াকান্দী যায়, কত জনে ধরে পায়

প্রভু লও আমায় ।

পাশে কাঙ্গাল মহৎ সবাইকে লয়, ভ্রমণ করে

জীবের দায় ॥

৩। সে মানুষকে ধরবে যদি, হরিবল বল নিরবধি

রসনায় ।

পবিত্রময় দেহ পেলে, যাচিয়ে প্রেম ধন দেয় ॥

৪। নাম ধরেছে গোপালচন্দ্র, ঘুচাইতে জীবের সাধন-

সন্দ, হয় উদয় ।

নরাধম বরদা কয় ও দয়াময় রেখ মোরে রাজা

পায় ॥

—বরদা

